# ঢাকা ওয়াসা

সংযুক্তিঃ
১। গ্যাসকেটের ছবি।
২। পূর্বানুমোদিত দরের কপি।
৩। প্রস্তাবিত প্রাক্কলন।
৪। ২০২৫-২৬ অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের কপি।
৫। ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত ক্রয়-পরিকল্পনার কপি।

**বিষয়ঃ Purchase of Dresser coupling rubber gasket under SKWP কাজের অস্থায়ী অগ্রীম অনুমোদন প্রসঙ্গে।**

**অনুচ্ছেদঃ১**

সাভার-কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্টে ২ টি আয়রন রিমুভাল প্লান্ট, ৪৫ টি গভীর নলকূপ (১টি নলকূপের কাজ অসমাপ্ত রয়েছে) ও ২ টি ৩৩/১১ কেভি বৈদ্যুতিক উপ-কেন্দ্রসহ অন্যান্য স্থাপনা সমূহ পরিচালনা ও পর্যবেক্ষণ করার জন্য আধুনিক অটোমোটেড স্ক্যাডা সিস্টেম রয়েছে। প্লানটির পানি উৎপাদন লক্ষ্যমাত্রা দৈনিক ১৫ কোটি লিটার। দৈনিক সকল গভীর নলকূপ হতে ২৬ কি.মি. পাইপ লাইনের মাধ্যমে অপরিশোধিত পানি সংগ্রহ করে পরিশোধন করা হয়। পরিশোধন শেষে আয়রন রিমুভাল প্লান্ট-১ এর Over Ground Reservoir (OGR) হতে বুষ্টারিং করে ১২০০ মিঃমিঃ ব্যাসের পাইপ দিয়ে ভাকুর্তা, মোগড়াকান্দা, আমিনবাজার, গাবতলী হয়ে মীরপুর (মডস জোন-৪, মডস জোন-১০) এলাকায় দৈনিক পানি সরবরাহ করা হয়।

সাভার-কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্টের ৪৫ টি গভীর নলকূপের মাধ্যমে আইআরপি-১ এর ১৩ কিলোমিটার এবং আইআরপি-২ এর ১০ কিলোমিটার পাইপ লাইন রয়েছে এছাড়া OGR হতে ডিস্ট্রিবিউশন পয়েন্ট পর্যন্ত ১৩.২ কিলোমিটার পাইপ লাইন নেটওয়ার্ক বিদ্যমান। উক্ত লাইনের মাধ্যমে দৈনিক প্রায় ১৫ কোটি লিটার পানি ঢাকা শহরের বৃহত্তর মীরপুর এলাকায় সরবরাহ করা হচ্ছে। বিদ্যমান পাম্পের ৪০০ মিঃমিঃ, ২৫০ মিঃমিঃ ও ২০০ মিঃমিঃ ডেলিভারী পাইপ লাইনে বিভিন্ন সময় লিকেজ পরিলক্ষিত হয়। পানির উৎপাদন ও মান স্বাভাবিক রাখার নিমিত্তে জরুরী বিবেচনায় দ্রুত লিকেজ মেরামত করার প্রয়োজন হয়। জরুরী মেরামতের জন্য বিভিন্ন সাইজের ড্রেসারসহ ফিটিংস প্রয়োজন হয়। বর্তমানে প্লান্টে বিভিন্ন সাইজের ড্রেসার মজুদ রয়েছে কিন্তু লিকেজ মেরামতের জন্য রাবারের ড্রেসার কাপলিং গ্যাসকেট নেই **(সংযুক্তি-১ এ গ্যাসকেটের ছবি)**। জরুরী ভিত্তিতে রাবারের ড্রেসার কাপলিং গ্যাসকেট ক্রয় করা প্রয়োজন। উল্লেখিত কাজের জন্য পূর্বানুমোদিত দর ধরে প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে (সংযুক্তি-২ এ পূর্বানুমোদিত দর)। প্রাক্কলিত মূল্য দাঁড়িয়েছে ৳.৩৯,৫০০.০০/-(টাকা উনচল্লিশ হাজার পাঁচশত) টাকা মাত্র **(সংযুক্ত ক্রমিক নং-৩)**। কাজের ব্যয়ভার অত্র বিভাগের ২০২৫-২০২৬ ইং অর্থ বছরের বাজেট বরাদ্দের পরিচালন ব্যয়ের ক্রমিক নং-০৭ এর "পানি ও পয়ঃশোধনাগার (ও এন্ড এম)" খাত হতে বহন করা হবে **(সংযুক্ত ক্রমিক নং-৪)**। যাহা অনুমোদিত ক্রয়-পরিকল্পনায় ক্রমিক নং-১৭৭ হিসাবে অর্ন্তভূক্ত **(সংযুক্তি-৫)**। কাজটি PPO-2025 (Revised) এবং PPR-2025 এর বিধি ১০০ মোতাবেক অস্থায়ী অগ্রীম হিসাবে সম্পন্ন করে প্রকৃত বিল, ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে।

**অনুচ্ছেদঃ২**

এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১ এর বর্ণনার প্রেক্ষিতে ঢাকা ওয়াসার সাভার-কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্টের আওতায় **Purchase of Dresser coupling rubber gasket under SKWP** শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্নিত প্রস্তাবনাসমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারেঃ

ক) কাজটি PPO-2025 (Revised) এবং PPR-2025 এর বিধি ১০০ মোতাবেক অস্থায়ী অগ্রীম হিসাবে বাস্তবায়নের অনুমোদন।

খ) প্রাক্কলিত ৳.৩৯,৫০০.০০/-(টাকা উনচল্লিশ হাজার পাঁচশত) টাকার অস্থায়ী অগ্রীমের প্রাক্কলন অনুমোদন।

গ) উক্ত কাজের ব্যয়ভার অত্র বিভাগের ২০২৫-২০২৬ ইং অর্থ বছরের বাজেট বরাদ্দের পরিচালন ব্যয়ের ক্রমিক নং-০৭ এর "পানি ও পয়ঃশোধনাগার (ও এন্ড এম)" খাত হতে নির্বাহের প্রশাসনিক অনুমোদন।

**উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।**

03.02.2026
মোঃ রেজাউল করিম
উপ-সহকারী প্রকৌশলী

AE
সুদীপ্ত কুমার ঘোষ
সহকারী প্রকৌশলী
সাভার-কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট
ঢাকা ওয়াসা।

EE
মোঃ নাফিজ ইমতিয়াজ
নির্বাহী প্রকৌশলী

SE, WS
03.02.26
মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
ঢাকা ওয়াসা।

CE

প্রস্তাব অনুমোদিত,

5/2/26
শওকত মাহমুদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।